



# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

## জনসংযোগ শাখা

### প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম-১৯ ডিসেম্বর ২০১৭ খ্রি.

**৩৬নং ওয়ার্ড কাউন্সিলর হাবিবুল হকের মরদেহ পৌঁছেছে**

**আগামীকাল ২০ ডিসেম্বর ২০১৭ খ্রি. বুধবার, বাদে জোহর জানাযা**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৩৬ নং গোসাইলডাঙ্গা ওয়ার্ড কাউন্সিলর ও চেম্বার পরিচালক মোহাম্মদ হাবিবুল হকের মরদেহ ব্যাংকক থেকে আজ ১৯ ডিসেম্বর ২০১৭ খ্রি. বিকেলে রিজেন্ট এয়ারলাইন্সের একটি বিমানে চট্টগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দরে এসে পৌঁছলে স্থানীয় সংসদ এম এ লতিফ, ভারপ্রাপ্ত মেয়র নিছার উদ্দীন আহমদ মঞ্জু, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কাউন্সিলরবৃন্দ, প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা, ভারপ্রাপ্ত সচিব ড. মুহাম্মদ মুস্তাফিজুর রহমান, মাননীয় মেয়রের একান্ত সচিব মো. মঞ্জুরুল ইসলামসহ নানা শ্রেণি ও পেশার মানুষ মরহুমের মরদেহ গ্রহণ করে তাঁর গোসাইলডাঙ্গাস্থ বাড়ীতে নিয়ে যাওয়া হয়। আগামীকাল ২০ ডিসেম্বর ২০১৭ খ্রি. বুধবার, বাদে জোহর চট্টগ্রাম বন্দর হাই স্কুল ও কলেজ মাঠে মরহুমের নামাজে জানাযা অনুষ্ঠিত হবে। উল্লেখ্য যে, কাউন্সিলর হাবিবুল হক থাইল্যান্ডের রাজধানী ব্যাংককে একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে গতকাল ১৮ ডিসেম্বর ২০১৭ খ্রি. সোমবার, বাংলাদেশ সময় আনুমানিক দুপুর ২ টায় ইন্তেকাল করেন।

চট্টগ্রাম-১৯ ডিসেম্বর ২০১৭ খ্রি.

**কাউন্সিলর হাবিবুল হকের প্রতি শ্রদ্ধা জানানোর জন্য**

**নগর ভবনে প্রধান কার্যালয়ের সামনে তাঁর মরদেহ রাখা হবে**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৩৬ নং গোসাইলডাঙ্গা ওয়ার্ড কাউন্সিলর মো. হাবিবুল হকের মরদেহ আগামীকাল ২০ ডিসেম্বর ২০১৭ খ্রি. সকাল ১০টায়, সকল কাউন্সিলর ও কর্মকর্তা-কর্মচারীদের শ্রদ্ধা জানানোর জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান কার্যালয়ের সামনে রাখা হবে। বাদে জোহর চট্টগ্রাম বন্দর হাই স্কুল ও কলেজ মাঠে মরহুমের নামাজে জানাযা অনুষ্ঠিত হবে।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা